



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ঋণ শ্রেণীবিন্যাস বিভাগ

"পরিবেশ বান্ধব ব্যাংকিং করুন"

ফোনঃ ৯৫১৪৯১২

E-mail:dgmlcd@krishibank.org.bd

নং-প্রকা/সিএল-২৪(মনিটরিং)/২০১৮-২০১৯/২১৪(৬০)

তারিখ : ২৫/১০/২০১৮ খ্রিঃ।

মহাব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক

সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়।

বিষয় : আমানত সংগ্রহ, ঋণ বিতরণ ও ঋণ আদায় লক্ষ্যমাত্রা অর্জন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ কৃষি ব্যাংক ধারাবাহিক মূলধন ঘাটতি, ক্রমাগত লোকসান, শ্রেণীকৃত ঋণের আধিক্য নিয়ে দীর্ঘদিন যাবত পরিচালিত হয়ে আসছে। উক্ত অবস্থান থেকে উত্তরণ ঘটিয়ে ব্যাংকের সার্বিক ব্যবসায়িক কর্মকাণ্ডের মানোন্নয়নের লক্ষ্যে ২০১৮-২০১৯ অর্থবছরে বিভিন্ন ব্যবসায়িক লক্ষ্যমাত্রা নির্ধারণ করে তা অর্জনের জন্য ইতিমধ্যে মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে। চলতি অর্থ বছরের সাড়ে তিন মাস অতিবাহিত হয়েছে। ব্যাংকের আমানত সংগ্রহ, ঋণ বিতরণ ও ঋণ আদায় অবস্থা আনুপাতিক লক্ষ্যমাত্রার তুলনায় অনেক পিছিয়ে রয়েছে, যা মোটেও কাম্য নয়।

০২। গত ১৮-১০-২০১৮ তারিখ ভিত্তিক ব্যাংকের আমানত সংগ্রহ, ঋণ বিতরণ ও ঋণ আদায়ের অবস্থা নিক্ষেপ :

(ক) আমানত সংগ্রহ ও নতুন হিসাব খোলা :

চলতি ২০১৮-২০১৯ অর্থবছরে ব্যাংকের আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৩৯৪০.৩৯কোটি (তিন হাজার নয়শত চল্লিশ কোটি উনচল্লিশ লক্ষ) টাকা বৃদ্ধিসহ ২৮,০০০.০০(আটশ হাজার) কোটি টাকা এবং নতুন আমানত হিসাব খোলার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টি। কিন্তু বছরের সাড়ে তিন মাস অতিবাহিত হয়েছে, আনুপাতিক হারে আমানত সংগ্রহের পরিমান কমপক্ষে ১১৪৯.২৮কোটি টাকা বৃদ্ধিসহ ২৫২০৮.৮৯কোটি টাকা এবং নতুন আমানত হিসাব খোলার সংখ্যা কমপক্ষে ১,৪৫,৮৩৩টি অর্জিত হওয়ার কথা থাকলেও এ পর্যন্ত আমানত সংগৃহীত হয়েছে ১৩৭.৫৪ কোটি টাকা এবং নতুন হিসাব খোলা হয়েছে ৯৩,৮০০টি মাত্র। আমানত একটি ব্যাংকের চালিকা শক্তি, সেখানে আমানত সংগ্রহের এ চিত্র অত্যন্ত হতাশাব্যঞ্জক। এতে প্রতীয়মান হয় শাখা আমানত সংগ্রহের প্রতি তেমন গুরুত্ব দেয়া হচ্ছে না। আমানত সংগ্রহের বিভাগওয়ারী তুলনামূলক চিত্র নিম্নে প্রদত্ত হলো :

১৮-১০-২০১৮ তারিখ ভিত্তিক আমানত সংগ্রহ ও নতুন হিসাব খোলার বিভাগওয়ারী তথ্য (কোটি টাকায়)

খাত		ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	খুলনা	বরিশাল	সিলেট	কুমিল্লা	ফরিদপুর	কুষ্টিয়া	এলপিও	মোট
আমানত	লক্ষ্যমাত্রা	১১০৫.৪৫	২৩৬.৬৩	৫৩১.৩৬	২৩৬.৬৮	২৫০.১৭	২২৬.৫৭	৪৩৫.৭৬	২১১.২৮	১৪৭.০৪	৫৫৯.৪৫	৩৯৪০.৩৯
	অর্জন	-৭৩.৮৫	-১৮.২০	-৪.০৩	-৫১.২২	-৩৬.৫১	৩৬.০৩	৮.৫২	-১৬.৪২	-১৮.৭১	৩১১.৯৩	১৩৭.৫৪
	বার্ষিক হার	-৭%	-৮%	-১%	-২২%	-১৫%	১৬%	২%	-৮%	-১৩%	৫৬%	৩%
	আনুপাতিক হার	-২%	-২%	-০%	-৬%	-৪%	৫৪%	৭%	-২%	-৪%	১৯১%	১২%
নতুন হিসাব খোলা	লক্ষ্যমাত্রা	৯৮০০০	৪৭০০০	৫২০০০	৬৭০০০	৬১০০০	৪০০০০	৫৬০০০	৪০০০০	৩৩০০০	৬০০০	৫০০০০০
	অর্জন	১৬০৬৬	১১৬৯০	১০৫৭৭	১১৪৬০	৯৩০১	৬৩১৬	১২৯৩৯	৬৮৯৩	৮৩৮৮	১৭০	৯৩৮০০
	বার্ষিক হার	১৬%	২৫%	২০%	১৭%	১৫%	১৬%	২৩%	১৭%	২৫%	৩%	১৯%
	আনুপাতিক হার	৫৬%	৮৫%	৭০%	৫৯%	৫২%	৫৪%	৭৯%	৫৯%	৮৭%	১০%	৬৪%

(খ) ঋণ বিতরণ :

কৃষি নির্ভর বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়ন বিশেষ করে গ্রামীণ অর্থনীতি বিনির্মান, জাতীয় প্রবৃদ্ধি অর্জনের পাশাপাশি সময়ের বিবর্তনে প্রতিযোগিতামূলক আধুনিক ব্যাংকিং এর সাথে তালমিলিয়ে বিনিয়োগের নতুন নতুন খাত চিহ্নিত করে ঋণ বিতরণ করতে হবে। এ লক্ষ্যে চলতি অর্থবছরে ১২,৫০০কোটি টাকা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। গত ১৮-১০-২০১৮ তারিখ পর্যন্ত বার্ষিক লক্ষ্যমাত্রার বিপরীতে আনুপাতিক হারে কমপক্ষে ৩৬৪৫.৮৩কোটি টাকা ঋণ বিতরণের কথা থাকলেও ব্যাংক ১৫৪০.৯১ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা বার্ষিক লক্ষ্যমাত্রার ১২% এবং আনুপাতিক লক্ষ্যমাত্রার ৪২%মাত্র। অপরদিকে বর্তমান বছরে ৩,৩৩,৫০০ জনকে নতুন ঋণ প্রদানের লক্ষ্য নিয়ে এ পর্যন্ত ৩৩,৩২৮ জনকে নতুন ঋণ প্রদান করা হয়েছে, যা বার্ষিক লক্ষ্যমাত্রার ১০% এবং আনুপাতিক লক্ষ্যমাত্রার ৩৪% মাত্র। নতুন ঋণ বিতরণের মাধ্যমে পারফর্মিং এসেট বৃদ্ধি করতে না পারলে ব্যাংকে লোকসান ক্রমাগত বৃদ্ধি পাবে। বিভাগওয়ারী ঋণ বিতরণের তথ্য নিক্ষেপ :

১৮-১০-২০১৮ তারিখ ভিত্তিক ঋণ বিতরণ ও নতুন ঋণগ্রহীতাদের বিভাগওয়ারী তথ্য (কোটি টাকায়)

খাত		ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	খুলনা	বরিশাল	সিলেট	কুমিল্লা	ফরিদপুর	কুষ্টিয়া	এলপিও	মোট
ঋণ বিতরণ	লক্ষ্যমাত্রা	২০৬৪.৪০	১০৫৬.৭০	১০৬৯.৩০	১৪৬৯.২০	৯১১.০০	৭১৫.৬০	১৩৬৬.২০	১১০০.৯০	১১৯৮.৭০	১৫৫৪.০০	১২৫০০.০০
	অর্জন	২৬১.৩৬	১৪০.৪৯	১৭৭.৬৮	১৭৯.৩৭	১১৬.৬৩	১১৩.৬১	১৮৪.৮৯	১৪৪.১৭	১৫৫.৮৩	৬৬.৮৮	১৫৪০.৯১
	বার্ষিক হার	১৩%	১৩%	১৭%	১২%	১৩%	১৬%	১৪%	১৩%	১৩%	৪%	১২%
	আনু হার	৪৩%	৪৬%	৫৭%	৪২%	৪৪%	৫৪%	৪৬%	৪৫%	৪৫%	১৫%	৪২%
নতুন ঋণ গ্রহীতা	লক্ষ্যমাত্রা	৫০৩৬৯	৫২৭৫০	২৮৯০২	২৪৫০০	৪৪৪৮৬	২৮৬২৬	৫৩৭৬৭	২৩০০০	২৭০০০	১০০	৩৩৩৫০০
	অর্জন	৭৩৫৬	২৪৩৭	৩৭২২	৩২৩৮	৩৪৫৯	১৭৮৪	৫২৭৪	৩৩০১	২৭২৪	৩৩	৩৩৩২৮
	বার্ষিক হার	১৫%	৫%	১৩%	১৩%	৮%	৬%	১০%	১৪%	১০%	৩৩%	১০%
	আনুপাতিক হার	৫০%	১৬%	৪৪%	৪৫%	২৭%	২১%	৩৪%	৪৯%	৩৫%	১১৩%	৩৪%

অঃ পৃঃ প্রঃ

চলমান পাতা/২

(গ) ঋণ আদায় (শ্রেণীযোগ্য ও শ্রেণীকৃত) :

২০১৮-২০১৯ অর্থবছরে ব্যাংকে মোট ৯৫৯৪.৪৮কোটি টাকা ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। তন্মধ্যে শ্রেণীযোগ্য ঋণ-১ (WCL-1) আদায়ের লক্ষ্যমাত্রা ৩৮৩৫.৫৯ কোটি টাকা, শ্রেণীযোগ্য ঋণ-২ (WCL-2) আদায়ের লক্ষ্যমাত্রা ৩৭৫৮.৮৯ কোটি টাকা এবং শ্রেণীকৃত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ২০০০.০০কোটি টাকা নির্ধারণ করা হয়েছে। গত ১৮-১০-২০১৮ তারিখ পর্যন্ত শ্রেণীযোগ্য ঋণ-১ এর অধীন নিয়মিত ঋণ ২৩৬৭.৩০কোটি টাকার মধ্যে ৮২৩.৮৭কোটি টাকা, হার ৩৫% এবং পুনঃতফসিলকৃত ঋণ ১৪৬৮.২৯কোটি টাকার মধ্যে ১৩৪.৫৫কোটি টাকা, হার ৯% মাত্র আদায় হয়েছে। শ্রেণীযোগ্য ঋণ-১ ডিসেম্বর, ২০১৮ এর মধ্যে আদায় করতে ব্যর্থ হলে শ্রেণীকৃত হিসাবে পর্যবসিত হবে। অপরদিকে শ্রেণীকৃত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ২০০০.০০কোটি টাকার বিপরীতে এ পর্যন্ত আদায় হয়েছে ১৭১.০৭কোটি টাকা যা বার্ষিক লক্ষ্যমাত্রার ৯% এবং আনুপাতিক লক্ষ্যমাত্রার ২৯% মাত্র। তাছাড়া, শ্রেণীযোগ্য-২ ঋণ অবশ্যই জুন-২০১৯ মাসের মধ্যে আদায় নিশ্চিত করতে হবে। শ্রেণীযোগ্য ও শ্রেণীকৃত ঋণ আদায়ের ১৮-১০-২০১৮ তারিখ ভিত্তিক তথ্য নিম্নরূপ :

১৮-১০-২০১৮ তারিখ ভিত্তিক ঋণ আদায়ের বিভাগগুয়ারী তথ্য

(কোটি টাকায়)

বাত	টাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	খুলনা	বরিশাল	সিলেট	কুমিল্লা	ফরিদপুর	কুষ্টিয়া	এলাপাড়া	মোট
শ্রেণীযোগ্য-১ ঋণ (নিয়মিত)	লক্ষ্যমাত্রা	৪০২.৭৬	৩৩১.১২	২২৩.২৮	২৪৩.৫৬	২৮৬.০০	৭৬.০৩	২৮৭.৫৫	১৯৪.৯৬	২২৫.৮৭	২৩৬৭.৩০
	অর্জন	১৩৩.০১	১০৯.৬১	৬১.৩৬	১০০.৭০	৬৪.২০	৫০.০৯	৯৮.৮৫	৮১.৭৯	৯৬.৫০	৮২৩.৮৭
	হার	৩৩%	৩৩%	২৭%	৪১%	২২%	৬৬%	৩৪%	৪২%	৪৩%	৩৫%
শ্রেণীযোগ্য-১ ঋণ (পুনঃতফসিল)	লক্ষ্যমাত্রা	৩৬৭.৬৬	২৯৭.৯২	১০২.০৩	৫৪.৫৭	২১৬.৪১	৫২.৩৭	১৮৯.৭১	৩৭.৯৩	২৯.০৭	১২০.৬২
	অর্জন	১৬.৭৬	৫.৯৯	৪.৬৯	৩.২৩	৮.৪৪	০.০০	৩.৯৭	০.৪৫	১.৩৪	৮৯.৬৮
	হার	৫%	২%	৫%	৬%	৪%	০%	২%	১%	৫%	৯%
শ্রেণীযোগ্য-২ ঋণ (নিয়মিত)	লক্ষ্যমাত্রা	৩৮৬.৯৯	২৪২.৭৬	২২৭.৫৩	৪০৬.৬৩	২৮২.২৫	১১৪.৪০	৩২৬.৬৫	২৩৯.৪০	২৯৮.৭৮	২৭১৬.৮৯
	অর্জন	৩৩.৮৯	১৬.৩৩	৩৬.৫৪	৩৫.৯০	১২.৯৩	১৭.৯৪	২৬.১৭	১৮.৫৪	২২.৫০	৩৬.৮৩
	হার	৯%	৭%	১৬%	৯%	৫%	১৬%	৮%	৮%	৮%	৯%
শ্রেণীযোগ্য-২ ঋণ (পুনঃতফসিল)	লক্ষ্যমাত্রা	১৮০.০৭	২২০.২৫	৫৭.৪৫	২০.৮২	১৮৬.০৬	৪৪.১১	১০১.২৩	১০০.৩২	৬৫.৫২	১০৪২.০০
	অর্জন	৩.৮১	১.৬৩	০.৮০	০.৮৭	১.৩১	০.০০	১.৮৬	০.১০	০.৪৪	২.৫৯
	হার	২%	১%	১%	৪%	১%	০%	২%	০%	১%	১%
শ্রেণীকৃত ঋণ আদায়	লক্ষ্যমাত্রা	৬২১.২১	২৬৭.৯৪	২৯৯.৩৫	৯৪.৪৭	১০১.৭২	৬৩.৬৮	২০৩.১৩	৪২.২৪	১২৭.৯৩	২০০০.০০
	অর্জন	৬৪.৭০	৩০.১৯	১২.৮২	৭.৬১	৯.৭০	৬.২৯	২১.২৮	৫.৭১	১২.১৯	১৭১.০৭
	বার্ষিক হার	১০%	১১%	৪%	৮%	১০%	১০%	১০%	১৪%	১০%	৯%
	আনুঃ হার	৩৬%	৩৯%	১৫%	২৮%	৩৩%	৩৪%	৩৬%	৪৬%	৩৩%	২৯%

০৩। ইতিমধ্যে বছরের সাড়ে তিন মাস গত হয়েছে। এ সময় পর্যন্ত আমানত সংগ্রহ, ঋণ বিতরণ ও শ্রেণীকৃত ঋণ আদায় বার্ষিক লক্ষ্যমাত্রার কমপক্ষে ৩০% অর্জিত হওয়ার কথা থাকলেও আমানত সংগৃহীত হয়েছে ৩%; ঋণ বিতরণের হার ১২% এবং শ্রেণীকৃত ঋণ আদায়ের হার ৯% মাত্র। অপরদিকে ডিসেম্বর, ২০১৮ ভিত্তিক শ্রেণী যোগ্য ঋণ-১ (WCL-1) আদায় কমপক্ষে ৫০% অর্জিত হওয়ার কথা থাকলেও শ্রেণীযোগ্য-১ ঋণ (নিয়মিত) আদায় হয়েছে ৩৫% এবং শ্রেণীযোগ্য-১ ঋণ (পুনঃতফসিল) আদায় হয়েছে ৯% মাত্র। শ্রেণীযোগ্য-১ ঋণ (পুনঃতফসিলকৃত) আদায় কার্যক্রম জোরদার করা না হলে ডিসেম্বর-২০১৮ ভিত্তিক ঋণ শ্রেণীবিবাস কালে বিপুল পরিমাণ ঋণ নতুনভাবে শ্রেণীকৃত হবে এবং প্রতিশ্রুতি বেড়ে যাবে, যা অভ্যন্তরীণ দুঃখজনক এবং ব্যাংকের আর্থিক কর্মকাণ্ডে নেতিবাচক প্রভাব পড়বে।

০৪। এমতাবস্থায়, আপনার গতিশীল নেতৃত্ব ও নিবিড় তদারকীর মাধ্যমে শাখাসমূহে নতুন আমানত সংগ্রহ ও ঋণ বিতরণের পাশাপাশি ঋণ আদায়ের বিভিন্ন কলাকৌশল যথা- নোটিশ প্রদান, ব্যক্তিগত যোগাযোগ, দ্বিপাক্ষিক আলোচনা, সার্টিফিকেট মোকদ্দমা রুজু, খেলাপী ঋণের সুদ মওকুফ বা যথানিয়মে ডাউনপেমেন্ট জমা নিয়ে ঋণ পুনঃতফসিলকরণ করে ডিসেম্বর, ২০১৮ মাসের মধ্যে বিভাগাধীন সমুদয় শ্রেণীযোগ্য-১ ঋণ (নিয়মিত ও পুনঃতফসিলকৃত) এবং শ্রেণীকৃত ঋণ আনুপাতিক হারে আদায় নিশ্চিত করে শ্রেণীকৃত ঋণ কার্যকর পর্যায়ে নামিয়ে আনার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে। এ বিষয়ে কোন প্রকার শৈথিল্য গ্রহণযোগ্য নয়।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। মহাব্যবস্থাপক ও অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, মিরপুর, ঢাকা।
- ০৬। সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য আইসিটি সিস্টেমস বিভাগকে অনুরোধ করা হলো।
- ০৭। নথি।

আপনাতঃ বিপুল
২৫/১০/১৮
(মোঃ আলী হোসেন এমএসসি)
ব্যবস্থাপনা পরিচালক

(মোঃ শহিদুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ঋণ আদায় সুবিধাজনক